




গণভোটে ‘হ্যাঁ’ এবং নির্বাচনে ধানের শীষে ভোটের আহ্বান তারেক রহমানের



রংপুর নির্বাচনী জনসভায় বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

আগামী ১২ ফেব্রুয়ারির গণভোটে সংস্কারের পক্ষে ‘হ্যাঁ’ ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। একই সঙ্গে জাতীয় সংসদ নির্বাচনে ধানের শীষ প্রতীকে সমর্থন দেওয়ার কথাও বলেন তিনি।

শুক্রবার (৩০ জানুয়ারি) রাতে রংপুরের ঐতিহাসিক কালেক্টরেট ঈদগাহ মাঠে বিএনপি আয়োজিত নির্বাচনী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা তুলে ধরেন তিনি। তারেক রহমান বলেন, দেশের মানুষের অধিকার পুনঃপ্রতিষ্ঠা করাই এখন সবচেয়ে বড় দায়িত্ব। জুলাই গণঅভ্যুত্থানের চেতনাকে ধরে রাখতে নিয়মতান্ত্রিক ও গণতান্ত্রিক ধারায় এগিয়ে যাওয়ার ওপর জোর দেন তিনি।

তিনি আরও বলেন, জনগণের সমর্থন ছাড়া কোনো উদ্যোগ সফল হতে পারে না। দেশের মানুষ আর প্রহসনের নির্বাচন মেনে নেবে না বলেও মন্তব্য করেন তিনি। এ সময় তিনি বলেন, এখন সময় এসেছে জনগণ নিজ সিদ্ধান্ত নিজেই নেবে।

সংস্কার প্রসঙ্গে বিএনপির অবস্থান স্পষ্ট ছিল উল্লেখ করে তিনি জুলাই সনদের প্রতি সম্মান জানিয়ে ‘হ্যাঁ’ ভোট দেওয়ার আহ্বান জানান। পাশাপাশি দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়া এবং বিদেশে পাচার হওয়া অর্থ ফিরিয়ে এনে জনগণের কল্যাণে ব্যবহারের কথাও বলেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান।

বিস্তারিত আসছে...